# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

**সংশোধিত**

পত্র নং: ১৮২৭ — তারিখ: ২৯/০৭/২০২৫

বিষয়: ট্রেজারি/থানায় সংরক্ষিত লিখিত উত্তরপত্র বোর্ডে জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৫ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার লিখিত উত্তরপত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে তিনি নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপদ হেফাজতে প্রেরণের ব্যবস্থা করবেন। যদি হাতে হাতে প্রেরণ করা সম্ভব না হয় তবে সময় উল্লেখ করে রেলওয়ে পার্সেলে ঐ দিনই প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি হাতে হাতে অথবা রেলওয়ে পার্সেলে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় সেক্ষেত্রে প্রতিদিন পরীক্ষা শেষে সময় উল্লেখপূর্বক লিখিত উত্তরপত্র ভর্তি বস্তা/প্যাকেট/বাক্স সিলগালা করে ট্রেজারি/থানা হেফাজতে মালখানায় রাখতে হবে। নিম্নে বর্ণিত তারিখসমূহে ট্রেজারি/থানার মালখানা থেকে (সময় উল্লেখপূর্বক) বের করে সিলগালা না ভেঙ্গে ট্রেজারি/থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় নিরাপদ হেফাজতে তিনি নিজে অথবা কোন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক (পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই লিখিত উত্তরপত্র অন্যকোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

লিখিত উত্তরপত্র প্রেরণের তারিখ:

| ক্রমিক নং | কিস্তি/উত্তরপত্র জমাদানের তারিখ | পরীক্ষার তারিখ |
|---|---|---|
| ১. | তৃতীয় কিস্তি (০২/০৮/২০২৫ শনিবার) | ২০/০৭/২০২৫, ২৭/০৭/২০২৫, ২৮/০৭/২০২৫, ৩০/০৭/২০২৫, ৩১/০৭/২০২৫, তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র |
| ২. | চতুর্থ কিস্তি (১১/০৮/২০২৫ সোমবার) | ০৩/০৮/২০২৫, ০৪/০৮/২০২৫, ০৬/০৮/২০২৫, ০৭/০৮/২০২৫, ১০/০৮/২০২৫ তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র |
| ৩. | পঞ্চম কিস্তি ২০/০৮/২০২৫ (বুধবার) | ১৪/০৮/২০২৫ (শুধুমাত্র গোপালগঞ্জ), ১৭/০৮/২০২৫, ১৯/০৮/২০২৫, |

বিষয়টি অতীব জরুরী।

২৯/০৭/২০২৫

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৬৯৮১৫
০২-৫৮৬৮০১৮১

ভারপ্রাপ্ত কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার আওতাধীন
২০২৫ সালের এইচএসসি পরীক্ষার কেন্দ্রসমূহ।